



ISO 9001-2015 Certified

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)
হাজীগঞ্জ, চাঁদপুর।



যোগাযোগ : ০৮৪২৪-৭৫২৫৫ (অফিস), ০৮৪২৪-৭৫৩৬৬ (বাসা), ইমেইল chandpbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.১৩৪৯.৫০৭.০১৮.১০৭.১৯. ৩৫৩২

তারিখঃ ৭ ফাগুন ১৪২৫ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ

“ আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি ”

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ “ বিলিং সুপারভাইজার ” এর শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে বিলিং সহকারী পদে কর্মরত এবং যারা সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন সে সকল প্রার্থীর নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম : বিলিং সুপারভাইজার।


আবেদন করার পদ্ধতি :

আগ্রহী প্রার্থীগনকে সাদা কাগজে (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ট) চাকুরীতে নিয়মিত করনের তারিখ ও মোবাইল নম্বর উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। আবেদন পত্রের সহিত বর্তমান পদে যোগদান ও নিয়মিত করনের ফটোকপি, পবিস নির্দেশিকা অনুযায়ী প্রযোজ্য প্রয়োজনীয় প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্র, সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন ফটোকপি, সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবিসহ সকল কাগজপত্র সমিতির এজিএম (এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত হতে হবে। প্রার্থীগনকে স্বহস্তে লিখিত আবেদনপত্রসহ আগামী ০৯/০৩/২০১৯খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১১-০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, হাজীগঞ্জ, চাঁদপুর) স্ব-শরীরে উপস্থিত থেকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী :

- ০১। বর্ণিত পদের জন্য প্রার্থীকে বিলিং সহকারী হিসেবে ০৭ (সাত) বৎসরের কাজের অভিজ্ঞতা (নিয়মিত হিসেবে) থাকতে হবে। বিলিং কম্পিউটার, সার্ভার এবং অন্যান্য অফিস যন্ত্রপাতি পরিচালনা ও রক্ষনাবেক্ষনের অভিজ্ঞতাসহ প্রতি মিনিটে কমপক্ষে বাংলায় ১০(দশ) শব্দ ও ইংরেজীতে ৩০(ত্রিশ) শব্দ টাইপের দক্ষতা থাকতে হবে।
- ০২। সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড়রেটিং ৩.৫০ থাকতে হবে।
- ০৩। পদোন্নতির ক্ষেত্রে পবিস কর্মচারী বিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) ও পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।
- ০৪। আবেদন পত্রের সহিত জেনারেল ম্যানেজার/সিনিয়র জেনারেল ম্যানেজার এর সুপারিশ, বিনা আপত্তির সনদ এবং বিগত ০৫ বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) এর প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।
- ০৫। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগনের মধ্য হতে জ্যেষ্ঠ প্রার্থীকে উক্ত পদে নিয়োগের জন্য বিবেচনা করা যেতে পারে।

- ০৬। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগোলিক এলাকার প্রার্থী অর্থাৎ চাঁদপুর জেলার হাজীগঞ্জ, শাহরাস্তি ও কচুয়া উপজেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
- ০৭। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় প্রার্থীদের আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ০৮। ইতিপূর্বে অন্য কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
- ০৯। পবিস চাকুরী বিধি, পবিস নির্দেশিকা এবং বাপবিবোর্ড/ পবিস কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার অনুযায়ী বেতন ও ভাতাদি প্রদান করা হবে।
- ১০। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে এবং তদন্ত পূর্বক তা প্রমানিত হলে তাকে চাকুরীচ্যুত করা হবে। প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।
- ১১। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১২। বর্ণিত শর্তাবলী ব্যতীত অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(মোঃ কেফায়েত উল্লাহ)
জেনারেল ম্যানেজার

অনুলিপি : (সদয় অবগতি ও বিজ্ঞপ্তি আপনার দপ্তরের নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মানব সম্পদ ব্যঃ /পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, পবিস-১/২/৩/৪।
- ০৪। ডিজিএম-সদর দপ্তর(কারিগরী)/ কচুয়া/শাহরাস্তি জোনাল অফিস, চাঁদপুর পবিস-১।
- ০৫। এজিএম (ইএন্ডসি/সদস্য সেবা/ওএন্ডএম/অর্থ), চাঁদপুর পবিস-১।
- ০৬। নোটিশ বোর্ড/অফিস নথি/মাষ্টার নথি।

(মোঃ কেফায়েত উল্লাহ)
জেনারেল ম্যানেজার

